

আন্তর্জাতিক

বিশ্ববাজারে খাদ্যপণ্যের দাম ২০২২ সালের পর সর্বোচ্চ: জাতিসংঘ



প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: মঙ্গলবার, ০৮ সেপ্টেম্বর ২০২৬, ০৭:২৫ PM



জলবায়ু পরিবর্তন ও যুদ্ধজনিত কারণে বিশ্বজুড়ে খাদ্যপণ্যের সরবরাহ ব্যবস্থায় জটিলতা তৈরি হয়েছে। এর প্রভাবে আগস্ট মাসে বিশ্ববাজারে খাদ্যের দাম বেড়ে ২০২২ সালের নভেম্বরের পর সর্বোচ্চ পর্যায়ে পৌঁছেছে। শুক্রবার (৪ সেপ্টেম্বর) প্রকাশিত এক প্রতিবেদনে এ তথ্য নিশ্চিত করেছে জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (এফএও)।

প্রতিবেদনের বরাতে আন্তর্জাতিক বার্তাসংস্থা রয়টার্স জানায়, আগস্টে আন্তর্জাতিক বাজারে খাদ্যপণ্যের গড় মূল্যসূচক দাঁড়ায় ১৩৩ দশমিক ৩ পয়েন্টে, যা জুলাইয়ে ছিল ১৩০ দশমিক ৮ পয়েন্ট। ইউরোপে তীব্র তাপপ্রবাহ ও খরা, ‘এল নিনো’ আবহাওয়া পরিস্থিতির আশঙ্কা এবং ইউক্রেন ও ইরান যুদ্ধের বিরূপ প্রভাবে বিশ্ব কৃষিপণ্যের বাজারে চরম অনিশ্চয়তা দেখা দিয়েছে।

এফএওর প্রধান অর্থনীতিবিদ ম্যাক্সিমো তোরেয়ো বলেন, ‘খাদ্যপণ্যের এই মূল্যবৃদ্ধি মূলত বাজারে ঝুঁকি ফিরে আসার বড় সংকেত। ভূ-রাজনৈতিক উত্তেজনা, জলবায়ুর আঘাত ও বাণিজ্য সরবরাহ ব্যাহত হওয়ায় আগামীতে খাদ্য সংকট আরও ঘনীভূত হতে পারে।’

সংস্থাটি জানায়, আগস্টে খাদ্যশস্য, ভোজ্যতেল, চিনি, মাংস ও দুগ্ধজাত পণ্যের মূল্যসূচক একযোগে বেড়েছে।

খাদ্যপণ্যের মধ্যে শস্যের মূল্যসূচক ২ দশমিক ২ শতাংশ বেড়ে ২০২৪ সালের মে মাসের পর সর্বোচ্চে পৌঁছেছে। একই সময়ে ভোজ্যতেলের সূচক শূন্য দশমিক ৬ শতাংশ এবং চিনির মূল্যসূচক লাফিয়ে ১১ দশমিক ৯ শতাংশ বৃদ্ধি পেয়েছে। কৃষ্ণসাগরে হামলার কারণে রাশিয়া ও ইউক্রেনের শস্য চালান ব্যাহত হওয়া এবং মার্কিন-ইরান সংঘাতের কারণে সারের সরবরাহ কমে যাওয়াকে এই সংকট বাড়ার অন্যতম কারণ হিসেবে চিহ্নিত করা হয়েছে।

পৃথক এক প্রতিবেদনে এফএও ২০২৬ সালের বৈশ্বিক শস্য উৎপাদনের পূর্বাভাস ৩৪ লাখ মেট্রিক টন কমিয়ে ২৯৮ কোটি টন নির্ধারণ করেছে। এটি আগের বছর ২০২৫ সালের তুলনায় ২ শতাংশ কম, যা ২০১৮ সালের পর বিশ্বজুড়ে খাদ্যশস্য উৎপাদনে সবচেয়ে বড় বার্ষিক পতন।

এ বিভাগের আরও খবর




মধ্যপ্রাচ্যের উত্তেজনায় আবারও ১০০ ডলারের ওপরে তেল
মধ্যপ্রাচ্যে বাড়তে থাকা উত্তেজনা এবং যুক্তরাষ্ট্রের মেক্সিকো উপসাগরীয় অঞ্চলে ঝড়ের আশঙ্কায় বিশ্ববাজারে জ্বালানি তেলের দাম বেড়েছে। বুধবার প্রে...



কৃষ্ণ সাগরে তেলবাহী জাহাজে হামলা, ২৩ ভারতীয় নাবিক উদ্ধার
কৃষ্ণ সাগরে তেলবাহী একটি বাণিজ্যিক জাহাজে দ্রোণ হামলা হয়েছে। হামলার পর জাহাজটিতে আগুন ধরে যায়। সেখান থেকে ২৩ ভারতীয় নাবিককে অক্ষত অবস্থায় উদ...



আরও তীব্র হচ্ছে ফ্রান্সে শিক্ষার্থীদের বিক্ষোভ, চাপে সরকার
ফ্রান্সে শিক্ষার্থীদের বিক্ষোভ তীব্র আকার ধারণ করেছে। আজ মঙ্গলবার দেশটির বিভিন্ন শহরে বিক্ষোভ মিছিল করেছেন শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকেরা।...



পদার্থে নোবেল পেলেন ফ্রান্সিস হেলজেন
চলতি বছর পদার্থবিজ্ঞানে নোবেল পুরস্কার পেয়েছেন বেলজিয়ামের পদার্থবিজ্ঞানী ফ্রান্সিস হেলজেন। সুইডেনের স্টকহোমে রয়্যাল সুইডিশ একাডেমি অব সায়েন্সে...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/bishbbajare-khadpnjer-dam-2022-saler-pr-srbochch-jatisnggh>